
# জরুরি অবস্থায় প্রস্তুতির চেকলিস্ট

- ☐ সমস্ত অরিজিনাল বা মূল নথিগুলি নিরাপদ স্থানে রাখুন
- ☐ প্রত্যেক পরিবারের সদস্যের জন্য ফর্ম পূরণ করুন
- ☐ বিশ্বাসযোগ্য ব্যক্তি ও শিক্ষকদের সাথে এর কপিগুলো শেয়ার করুন
- ☐ সব আইনি ফর্মে (অভিভাবকত্ব, অভিভাবক মনোনয়ন) স্বাক্ষর করা আছে কিনা নিশ্চিত করুন (প্রয়োজন হলে নোটারি করা সহ)
- ☐ সহায়ক সংস্থাগুলোর একটি তালিকা প্রস্তুত করে রাখুন




## ফর্মগুলোর লিংক

**সব ফর্ম:** bit.ly/AAF-familyprep

- আপনার নিজের জন্য জরুরি তথ্যপত্র এবং আপনার সন্তানের জন্য জরুরি তথ্যপত্রসহ
- **স্ট্যান্ডবাই অভিভাবকত্বের ফর্ম:** bit.ly/standby-guardianship
- **অভিভাবক মনোনয়নের ফর্ম:** bit.ly/parental-designation

দ্রষ্টব্য: তথ্যটি নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন থেকে গৃহীত হয়েছে।

# নিউ ইয়র্ক সিটিতে সহায়ক সংস্থা ও আইনি রিসোর্সসমূহ

এই তথ্যটি শুধুমাত্র সাধারণ শিক্ষামূলক উদ্দেশ্যে প্রদান করা হয়েছে এবং এটি কোনো আইনি পরামর্শ হিসেবে বিবেচিত নয়। আপনার মামলার বিস্তারিত আলোচনা করার জন্য একজন যোগ্য আইনি পেশাজীবীর সঙ্গে পরামর্শ করুন।

**Arab American Association of New York**
(718) 745-3523 | arabamericanny.org

**Asian Americans for Equality**
(212) 979-8381 | aafe.org

**Brooklyn Chinese-American Association**
(718) 765-1110 | bca.net/eng/home.html

**Chinese-American Planning Council**
(212) 941-0920 | cpc-nyc.org

**Council of Peoples Organization**
(718) 434-3266 | copo.org

**Damayan Migrant Workers**
(212) 564-6057 | damayanmigrants.org

**Hamilton-Madison House**
(212) 349-3724 | hamiltonmadisonhouse.org

**Homecrest Community Services**
(718) 376-4036 | homecrest.org

**Korean American Family Service Center**
(718) 460-3800 (24-Hour Hotline) | kafsc.org

**Korean Community Services of Metropolitan New York**
(718) 939-6137 | kcsny.org

**Mekong NYC**
(347) 918-9220 | mekongnyc.org

**Sapna NYC**
(718) 828-9772 | sapnanyc.org

**South Asian Council for Social Services**
(718) 321-7929 | sacssny.org

এই নির্দেশিকা বাংলাসহ চাইনিজ এবং অন্যান্য এশীয় ভাষায় পাওয়া যায়। আপনার কমিউনিটি সেন্টার থেকে এর একটি অনুবাদকৃত কপি চাইতে পারেন বা এখান থেকে ডাউনলোড করতে পারেন: bit.ly/AAF-familyprep

Asian American Federation

# অভিবাসন জরুরি পরিস্থিতিতে আপনার পরিবারকে সুরক্ষিত রাখার ৫টি ধাপ

ইমিগ্রেশনের অভিযান বা জরুরি অবস্থা হঠাৎ করেই ঘটতে পারে। প্রস্তুত থাকুন যাতে আপনার প্রিয়জনরা নিরাপদ থাকে এবং যদি তারা আপনার থেকে আলাদা হয়ে যায় তখন যত্ন পায়। এই নির্দেশিকা আপনাকে সহজ ধাপ এবং ফর্ম দিয়ে আপনাকে প্রস্তুতি নিতে সাহায্য করবে।



© 2025 Asian American Federation. All rights reserved.



## এখান থেকে শুরু করুন

## ১ গুরুত্বপূর্ণ নথিপত্র সংগ্রহ করুন

- ☐ পাসপোর্ট, ওয়ার্ক পারমিট, গ্রিন কার্ড বা স্টেট আইডির কপি
- ☐ সোশ্যাল সিকিউরিটি কার্ড বা আইটিআইএন [ITIN]
- ☐ শিশুদের সহ পরিবারের সকল সদস্যদের জন্ম সনদ/পাসপোর্ট
- ☐ স্বাস্থ্য বীমার কার্ড এবং মেডিকেল রেকর্ড
- ☐ জরুরি যোগাযোগের তালিকা
- ☐ আইনি নথি (আদালতের আদেশ, নিষেধাজ্ঞার আদেশ, বিবাহের লাইসেন্স)
- ☐ ঠিকানার প্রমাণ (ভাড়া, ইউটিলিটি বিল, ব্যাংক স্টেটমেন্ট)
- ☐ স্কুলের নিবন্ধন বা চাকরির প্রমাণপত্র





## ২ জরুরি তথ্যপত্র পূরণ করুন

- **নিজের জন্য:** একটি জরুরি তথ্যপত্র পূরণ করুন যা আপনার পরিবারের প্রয়োজন হতে পারে যদি আপনাকে গ্রেপ্তার বা আটক করা হয়।
- **সন্তানের জন্য:** একটি জরুরি তথ্যপত্র পূরণ করুন যা একজন তত্ত্বাবধায়কের প্রয়োজন হতে পারে। যদি একাধিক সন্তান থাকে, তবে প্রত্যেকের জন্য আলাদা আলাদা ফর্ম পূরণ করুন।
- এই ফর্মগুলো আপনার নথিপত্রের ফাইলে রাখুন। কোনো সাক্ষী বা নোটারি করার প্রয়োজন নেই।

**জরুরি অবস্থায় প্রস্তুত থাকার চেকলিস্টের নিচে সমস্ত ফর্মগুলোর লিঙ্ক খুঁজুন।**

## ৩ আপনার সন্তানের স্কুলের সাথে সমন্বয় করুন

- ☐ সন্তানের স্কুলের জরুরি (নীল) যোগাযোগের কার্ড এবং NYC স্কুলের অ্যাকাউন্টে তিনজন অতিরিক্ত ব্যক্তির নাম আপডেট করুন যাদেরকে জরুরী অবস্থায় ডাকা যেতে পারে।
- ☐ যারা সন্তানের সাথে যোগাযোগ করতে পারবেন না তাদের নামও আপডেট করুন এবং স্কুলে প্রোটেকশন অর্ডারের একটি কপি জমা দিন।
- ☐ সন্তানের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য আপডেট রাখুন।
- ☐ ভাইবোনদের তালিকা দিন।




## ৪ কারা আপনার সন্তানের যত্ন নিতে পারবে তা ঠিক করুন

<u>অভিভাবক মনোনয়নের ফর্ম (স্বল্পমেয়াদি) অথবা স্ট্যান্ডবাই অভিভাবকত্ব বা গার্ডিয়ানশিপ (পূর্ণ কর্তৃত্ব বা অধিকার)</u>

- এখানে দুটি বিকল্প রয়েছে যাতে বাবা-মা অন্য একজন প্রাপ্তবয়স্ককে জরুরি অবস্থায় সন্তানের জন্য সিদ্ধান্ত নেওয়ার অনুমতি দিতে পারেন।
- দুটি ক্ষেত্রেই বাবা-মা অভিভাবকত্বের অধিকার ধরে রাখেন।
- দুটি ক্ষেত্রেই বাবা-মা যে কোনো সময় কর্তৃত্ব বাতিল করতে পারেন।
- দুটো বিকল্প সম্পর্কে পড়ুন এবং আপনার জন্য উপযুক্তটি বেছে নিন।

## ৫ আটক হওয়া প্রিয়জনকে কিভাবে খুঁজে বের করবেন সে সম্পর্কে শিখুন

- আইসিই'র অনলাইন আটককৃতদের অবস্থান খুঁজে পাওয়ার ব্যবস্থা [ডিটেইনি লোকেটর] ব্যবহার করুন: <u>locator.ice.gov/odls/#/search</u>
- ১৮ বছরের বেশি বয়সীদের জন্য, (888) 351-4024 নম্বরে কল করুন অথবা নাম ও জন্মগ্রহণকারী দেশ বা A-নম্বর দিয়ে খুঁজুন।